গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।

স্মারক নং-এলজিইডি/সিই/পিইউ-৬৩/২০১০/ ৪৮৮ তারিখ ঃ 02/08/2012

প্রতি,

নির্বাহী প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
জেলাঃ -------------------------- ।

বিষয়ঃ **e-GP পদ্ধতিতে দরপত্র আহ্বানের ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০২/০৬/২০১১ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী বাংলাদেশের জাতীয় ইলেকট্রনিক গভর্নমেন্ট প্রকিউরমেন্ট পোর্টাল (National e-GP Portal of Bangladesh) www.eprocure.gov.bd উদ্বোধন করেছেন এবং ই-টেন্ডারিং-এ অংশগ্রহনেচ্ছু সকলের জন্য উক্ত পোর্টালটি উন্মুক্ত করা হয়েছে। প্রাথমিক ভাবে (Pilot-basis) চারটি সংস্থায় e-GP পদ্ধতি চালু হয়েছে, তন্মধ্যে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর অন্যতম। অত্র অধিদপ্তরের চারটি Procuring Entity ইতোমধ্যে পাইলটিং ভাবে e-GP পদ্ধতিতে দরপত্র আহ্বান করেছে। দ্বিতীয় ধাপ হিসেবে এলজিইডির আওতাধীন সকল জেলা অফিসে e-GP পদ্ধতিতে দরপত্র আহ্বানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

২। বর্ণিত অবস্থায় আপনার জেলা হতে কমপক্ষে একটি প্যাকেজ e- GP পদ্ধতির আওতায় নির্ধারণপূর্বক আগামী ৩০/০৯/২০১২ তারিখের মধ্যে উক্ত প্যাকেজের Annual Procurement Plan (APP) e-GP পদ্ধতিতে অনুমোদনের জন্য অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সমন্বিত পানি সম্পদ ও ব্যবস্থাপনা) ও প্রকিউরমেন্ট মনিটরিং কো-অর্ডিনেটর বরাবর প্রেরণ করতে হবে। এ লক্ষ্যে ভাল যোগাযোগ ব্যবস্থায় অবস্থিত যে কোন প্রকল্পের ১.০ কোটি টাকার উর্দ্ধে একটি প্যাকেজ নির্ধারণ করতে হবে।

৩। সরকার কর্তৃক ১লা ফেব্রুয়ারী, ২০১১ তারিখে জারিকৃত e-GP গাইডলাইন অনুসারে কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।

৪। উল্লেখ্য, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর হতে "Organization Admin"-Registered করা হয়েছে এবং সংশ্লিষ্ট জেলার সিনিয়র সহকারী প্রকৌশলী ক্রয়কারী (Procuring Entity) এর Administrator (PE Admin) হিসেবে কাজ করবেন। PE Admin সংশ্লিষ্ট ক্রয়কারী অর্থাৎ সংশ্লিষ্ট জেলার User, TEC/PEC member এর ID তৈরী করবেন এবং সংশ্লিষ্ট সকলেই স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের e-GP কার্যক্রমে নিজ নিজ গোপনীয় Password ব্যবহার করে দায়িত্ব ও কার্যাদি সম্পাদন করবেন। এ ব্যাপারে CPTU হতে সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে e- GP সংক্রান্ত প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হবে।

৫। বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ হিসেবে বিবেচনা করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

2/8/2012
(মোঃ ওয়াহিদুর রহমান)
প্রধান প্রকৌশলী

অনুলিপি ঃ

১। মহাপরিচালক, সিপিটিইউ, আইএমইডি, শেরেবাংলা নগর, ঢাকা।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সমন্বিত পানি সম্পদ ও ব্যবস্থাপনা) ও প্রকিউরমেন্ট মনিটরিং কো-অর্ডিনেটর, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, ..............................অঞ্চল, জেলাঃ ............................... ।
৪। প্রকল্প পরিচালক (সকল), ..............................., এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।